

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১২, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিবেশ অধিশাখা-২

প্রজ্ঞাপন

তারিখ: ২৩ মার্চ ২০১৬ খ্রিঃ

নং ২২.০০.০০০০.০৭৩.৩৭.০০১.২০১৪-৬৬—জীবনিরাপত্তা সংক্রান্ত ন্যাশনাল কমিটি অন
বায়োসেফটি (এনসিবি)-এর ৭ম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ ধান গবেষণা
ইনসিটিউট কর্তৃক ‘থেভিটামিন-এ’ সমৃদ্ধ GR-E BRRI dhan ২৯ গোল্ডেন রাইসের নিয়ন্ত্রিত মাঠ
পরীক্ষা (Confined Field Trial) হাপনের অনুমতি নিম্নবর্ণিত শর্তসমূহে প্রদান করা হল:

- (১) Cartagena Protocol on Biosafety-এর বিধিবিধান অনুযায়ী সর্বোচ্চ প্রাক-সতর্কতা
এবং আন্তর্জাতিক মানের নিয়ন্ত্রণ পদ্ধতি অবলম্বন করে আবেদনপত্রে বর্ণিত গবেষণাস্থানে
নিয়ন্ত্রিত ফিল্ড ট্রায়াল (সিএফটি) সম্পন্ন করতে হবে;
- (২) বায়োসেফটি গাইডলাইন্স অব বাংলাদেশ এবং কার্টাগেনা প্রটোকল অন বায়োসেফটি
অনুযায়ী ট্রান্সবার্টডারি মুভমেন্ট, Handling, Transport এবং Packaging
কার্যক্রমসমূহ সম্পন্ন করতে হবে;
- (৩) নিয়ন্ত্রিত ফিল্ড ট্রায়াল চলাকালীন গোল্ডেন রাইসের ট্রান্সজেনিক ম্যাটেরিয়াল যাতে
ইচ্ছা বা অনিচ্ছাকৃত কোনোভাবেই পরিবেশে ছড়িয়ে না পড়ে সে লক্ষ্যে কার্যকর
নিরাপত্তা পদ্ধতি বজায় রাখতে হবে;
- (৪) বায়োসেফটি গাইডলাইন্স অব বাংলাদেশ এর সেকশন 3.1.7.2-এ বর্ণিত Use of
GMOs/LMOs in the field এবং Annex-5 : Framework for Risk
Assessment যথাযথ অনুসরণপূর্বক কনফাইল্ড ফিল্ড ট্রায়াল সম্পন্ন করতে হবে;

(৭২৯৩)

মূল্য : টাকা ৪০০

- (৫) গ্রীনহাউজ থেকে শুরু করে কনফাইড ফিল্ড ট্রায়াল-এর যে কোনো পর্যায়ে গোল্ডেন রাইসের বীজ বা পরাগরেণু যাতে বাইরে ছাড়িয়ে পড়তে না পারে, সে লক্ষ্যে হ্যান্ডলিং-এর সকল পর্যায়ে যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। ফিল্ড ট্রায়াল পর্যায়ে যদি গোল্ডেন রাইসের ট্রান্সজেনিক বৈশিষ্ট্য পরিবেশে ছাড়িয়ে পড়ে সে ক্ষেত্রে যে কোনো বিরূপ প্রভাবের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি, ব্যক্তিবর্গ, সংস্থা বা প্রস্তাবক মন্ত্রণালয়কে এর দায়-দায়িত্ব বহন করতে হবে এবং এক্ষেত্রে প্রচলিত আইনে সংশ্লিষ্ট ব্যক্তি/ প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক/ক্ষতিপূরণমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে;
- (৬) নিয়ন্ত্রিত ফিল্ড ট্রায়াল কার্যক্রমের সময় যাতে পেস্ট রেজিস্টেস-এর উত্তর না ঘটে সে লক্ষ্যে কার্যকরী ব্যবস্থাপনা অবলম্বন করতে হবে;
- (৭) নিয়ন্ত্রিত ফিল্ড ট্রায়াল কার্যক্রমের ভৌত অবকাঠামো ও পরিবেশ, মানব-স্বাস্থ্য এবং জীববৈচিত্রের উপর ঝুঁকি নিরপেক্ষ এবং ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে গৃহীত কার্যক্রমের বিস্তারিত কারিগরী দিক অবহিত করে প্রতিমাসে কমপক্ষে একবার একটি মনিটরিং রিপোর্ট পরিবেশ ও বন মন্ত্রণালয় তথা এনসিবি এবং পরিবেশ অধিদপ্তর তথা বিসিসি বরাবরে দাখিল করতে হবে;
- (৮) গবেষণা বিষয়ে স্থানীয় সরকার প্রতিনিধি ও প্রশাসনকে অবহিত রাখতে হবে;
- (৯) যে কোন প্রতিকূল অবস্থায় এনসিবি তথা পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সাথে পরামর্শক্রমে জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (১০) নিয়ন্ত্রিত মাঠ পরীক্ষা চলাকালীন বায়োসেফটি মেজারস-এর পুরুষপুরুষ বিবরণসহ প্রতি ১৫ দিন অন্তর এনসিবি এবং বিসিসি-এর বরাবরে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;
- (১১) নিয়ন্ত্রিত মাঠ পরীক্ষা চলাকালীন গোল্ডেন রাইসের এনভায়রনমেন্টাল রিস্ক এসেসমেন্ট, ফুড সেফটি এন্ড নিউট্রিশনাল এসেসমেন্ট-এর যাবতীয় পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করতে হবে। বর্ণিত পরীক্ষণগুলো সম্পন্ন করা না হলে এ গবেষণার পরবর্তী কোনো ধাপ, যেমন: ওপেন ফিল্ড ট্রায়াল বা ফিল্ড রিলিজের জন্য আবেদন করা যাবে না;
- (১২) নিয়ন্ত্রিত মাঠ পরীক্ষা শেষ হলে এর বিস্তারিত ফলাফল এবং বায়োসেফটি ডোসিয়ার এনসিবি এবং বিসিসি বরাবরে দাখিল করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রম
খোরশেদা ইয়াসমীন
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.